রোববার, ৩১ ডিসেম্বর ২০২৩, ১৬ পৌষ ১৪৩০




ব্রেকিং নিউজ

শিক্ষা

# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের সফলতা উদযাপন

বিশেষ প্রতিনিধি

৩০ ডিসেম্বর ২০২৩, ০৯:০৭




উপরে

তথ্যপ্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর ড. সৈয়দ আখতার হোসেন।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের প্রধান ও উদযাপন কমিটির আহবায়ক সরওয়ার হোসাইন মোলস্নাহ'র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য ও উদ্যোক্তাবৃত্তি অনুষদের ডিন প্রফেসর ড. মো. মাসুম ইকবাল, স্টুডেন্ট এফেয়ার্সের পরিচালক প্রফেসর ড. সৈয়দ মিজানুর রহমান ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক ড. তানভীর ফিত্তি আবীর।

'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে বর্তমান সময়ের সর্বাধিক আলোচিত কৃত্রিমবুদ্ধিমত্তার প্রয়োগে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সফলতার চিত্র তুলে ধরা হয়। অনুষ্ঠানে জানানো হয়, ২০১৯ সালে প্যানডেমিক-এর আগে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খানের আন্তরিক প্রচেষ্টায় বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদের বিভিন্ন বিভাগের পাঠ্যক্রমে মেশিনলার্নিং, ডাটা মাইনিং এবং ডাটা সায়েন্সের সংযোজন করা হয় এবং শ্রেণিকক্ষে শিক্ষকমন্ডলী সফলভাবে বিভিন্ন প্রকল্পে উক্ত প্রযুক্তির প্রয়োগ ঘটান।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি জন্মলগ্ন থেকেই সর্বাধুনিক প্রযুক্তি ও প্রয়োগের উজ্জ্বল দৃষ্টান্ত উপস্থাপন করে আসছে বলে জানানো হয়। চতুর্থ শিল্পবিপস্নবের শুরু থেকেই কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগে এবং প্রযুক্তি উদ্ভাবনে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অগ্রগামীদের মধ্যে অন্যতম। কৃত্রিম বুদ্ধিমত্তাকে ব্যবহার করে ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দক্ষ জনবল তৈরির লক্ষ্যমাত্রাকে সামনে রেখে প্রণয়ন করা হয়েছে মাস্টার্স ইন এ আই বা কৃত্রিম বুদ্ধিমত্তার উপর মাস্টার্স প্রোগ্রাম। কম্পিউটিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের তত্ত্বাবধানে এই প্রোগ্রামটি আগামী বছর চালু হবে। একই সঙ্গে বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদের বিভিন্ন বিভাগের অধীনে পরিচালিত আন্ডারগ্রেগ প্রোগ্রামগুলোতে কৃত্রিম বুদ্ধিমত্তাবিষয়ক প্রযুক্তির ব্যবহার সংযোজিত হয়েছে এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদের সকল বিভাগের কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের তৃতীয় বছর উদযাপন করা হয় বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয় কৃত্রিম বুদ্ধিমত্তার আরেকটি উচ্চস্তর বিষয় হলো "জেনেরেটিভ এ আই"। এটি এমন এক ধরনের কৃত্রিম বুদ্ধিমত্তা যা কথোপকথন, গল্প, চিত্র, ভিডিও এবং সঙ্গীতের কনটেন্ট এবং আইডিয়া তৈরি করতে পারে। বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি অনুষদের বিভিন্ন বিভাগে, যেমন কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল, সফটওয়্যার প্রকৌশল, কম্পিউটিং ইনফরমেশন সিস্টেম, মাল্টি মিডিয়া ও ক্রিয়েটিভ টেকনোলজি এবং ইনফরমেশন টেকনোলজি ম্যানেজমেন্ট-এর সকল শিক্ষা কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তা ২০২১ সালে সংযোজিত হয় এবং ২০২৩-এর শুরুর দিকে জেনেরেটিভ এআইকে প্রাধান্য দিয়ে পরিবর্তন আনা হয়। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের অনেক সফল প্রকল্পের মধ্যে একটি অনন্য প্রকল্প 'মাল্টিমোডাল এ আই পস্ন্যাটফর্র্ম'।

সিআইএস বিভাগের শেষ বর্ষের ছাত্রদের তৈরি করা এই অনন্য পস্ন্যাটফর্ম বাংলাদেশের প্রথমবারের মতো সফল কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের উৎকৃষ্ট উদাহরণ। সিআইএস-এর পাশাপাশি অন্য বিভাগগুলোও অনেক তৎপর এবং আপনারা জেনে খুশি হবেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের বিষয়কে গুরুত্ব দেবার জন্য পর্যাপ্ত গবেষণা ও উন্নয়ন অনুদান দেয়া হয়। ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (আইটিএম) বিভাগে চাকরির উপযোগী করার জন্য ইতিমধ্যে এ আই টুলস ব্যবহার হচ্ছে। সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের দশটি এবং সিএসই বিভাগের সাতটি এ আই প্রজেক্ট শিক্ষা, চিকিৎসা, যোগাযোগ বিষয়ে বাংলাদেশে ইতিমধ্যে ব্যবহার হচ্ছে বলে 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে জানানো হয়।

উপরে

আতঙ্কে মাহিয়া মাহী



টি২০ দুই-তিনজনের খেলা : হৃদয়



টি২০তে বাংলাদেশ ভালো দল : কিউই কোচ



থার্টি ফার্স্ট নাইট : রাজধানীজুড়ে আঁটসাঁট নিরাপত্তা



আরও খবর

## শিক্ষা এর পাঠক প্রিয়

### নজরুল বিশ্ববিদ্যালয়ে মঞ্চস্থ হলো 'অ্যানিমেল ফার্ম'



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে মঞ্চস্থ হলো বিখ্যাত ঔপন্যাসিক

### যুক্তরাষ্ট্রের ক্যান্সার গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে নিয়োগ পেলেন মাভাবিপ্রবি শিক্ষার্থী



যুক্তরাষ্ট্রের ক্যান্সার গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে নিয়োগ পেয়েছে মাওলানা ভাসানী

### ইবির শাপলা ফোরামের সভাপতি ড. পরেশ সম্পাদক ড. রবিউল



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) প্রগতিশীল শিক্ষক সংগঠন শাপলা ফোরামের কার্যনির্বাহী পরিষদ-২০২৩

উপরে



## ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে নতুন তিন মুখ



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সিন্ডিকেটে নতুন তিনজন সদস্য নিয়োগ দেওয়া হয়েছে।

## আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক কুইজের সেরা দশে মাভাবিপ্রবি শিক্ষার্থী



আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস-২০২৩ উপলক্ষে র‍্যাপিড রেসপন্স বিডি আয়োজিত কুইজ প্রতিযোগিতার

# আরো পড়ুন




## হল প্রশাসনের উদাসীনতায় সিসিটিভির হার্ডডিস্ক ছিনতাই, যবিপ্রবির রিজেন্ট বোর্ডের ক্ষোভ প্রকাশ




## দেশে আনারস থেকে লাড্ডু তৈরির প্রযুক্তি উদ্ভাবন



উপরে



## যবিপ্রবির পরিবহন কর্মকর্তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বাসে যাত্রী তুলে ভাড়া আদায়ের অভিযোগ

সম্পাদকমন্ডলী সভাপতি ও প্রকাশক : সাঈদ হোসেন চৌধুরী

ভারপ্রাপ্ত সম্পাদক : কাজী রুকুনউদ্দীন আহমেদ

সম্পাদকমন্ডলীর সভাপতি ও প্রকাশক : সাঈদ হোসেন চৌধুরী, ভারপ্রাপ্ত সম্পাদক : কাজী রুকুনউদ্দীন আহমেদ, প্রকাশক কর্তৃক এইচআরসি মিডিয়া ভবন, লাভ রোড, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও যায়যায়দিন প্রিন্টার্স লিমিটেড থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৮৭ ০২০৮-১২ মোবাইল:: ০১৮৪১-০৪২৫৯৫ রিপোর্টিং : ৮৮৭-০২১৪ বিজ্ঞাপন : ৮৮৭-০২২৩ সার্কুলেশন : ৮৮৭-০২২৪ E-mail: jaijaidin24news@gmail.com; jajadi@jjdbd.com

© যায়যায়দিন কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

Developed by orangebd

উপরে